



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৬সি/৪০ সি-১/২০১২/৫৬

তারিখ: ১২/০১/২০২৩খ্রি.

বিষয়: খুলনা জেলার কয়রা উপজেলাধীন কয়রা সরকারি মহিলা কলেজের সমাজবিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মোছা: নাজমা সুলতানা কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-১০৬০৫/২০২২ এর আদেশ মোতাবেক ২৮.০৭.২০২২ তারিখের আবেদন নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক-৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৩৩৬, তারিখ: ২৪.১১.২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে খুলনা জেলার কয়রা উপজেলাধীন কয়রা সরকারি মহিলা কলেজ এর সমাজবিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মোছা: নাজমা সুলতানা গত ০৪.০৯.২০১১ তারিখে সমাজবিজ্ঞান বিষয়ে নিয়োগপ্রাপ্ত হয়ে যোগদান করেন। প্রভাষক-সমাজবিজ্ঞান বিষয়ে নিয়োগকালীন সময়ে তার শিক্ষাগত যোগ্যতা ছিল এস.এস.সি-১ম বিভাগ-২০০০, এইচ.এস.সি-১ম বিভাগ-২০০২, বিএ(পাস)-১ম বিভাগ-২০০৬(জাতীয় বিশ্ববিদ্যালয়), মাস্টার্স-সিজিপিএ-৩.৮০-২০০৯, সমাজবিজ্ঞান (আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটি)। মোছা: নাজমা সুলতানা সমাজবিজ্ঞান বিষয়ে মাস্টার্স ডিগ্রি অর্জন করেছেন বেসরকারি প্রতিষ্ঠান “আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটি” থেকে; কিন্তু বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর ওয়েবসাইট থেকে প্রাপ্ত তথ্য মোতাবেক “আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটি” এর ২০০৯ সালে সমাজবিজ্ঞান বিষয়ের অনুমোদন ছিল না। সুতরাং তার সমাজবিজ্ঞান বিষয়ে মাস্টার্স ডিগ্রি অর্জনের সনদটি যথাযথ না হওয়ায় নিয়োগকালীন সময়ে তার কাম্য শিক্ষাগত যোগ্যতা যথাযথ ছিল না।

এমতাবস্থায়, খুলনা জেলার কয়রা উপজেলাধীন কয়রা সরকারি মহিলা কলেজ এর সমাজবিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মোছা: নাজমা সুলতানা এর নিয়োগকালীন সময়ে কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকায় রিট পিটিশন নং-১০৬০৫/২০২২ এর আদেশ মোতাবেক ২৮.০৭.২০২২ তারিখের আবেদনে প্রার্থীত তার পদ সৃজনসহ এডহক নিয়োগের বিষয়টি বিবেচনা করার সুযোগ নেই। বিষয়টি সদয় অবহিত করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


স্বাঃ/-

মোঃ ওয়াহিদুজ্জামান  
উপপরিচালক (কলেজ-১)  
ফোন: ৪১০৫০৬২০।

জনাব মোছা: নাজমা সুলতানা (পিটিশনার)  
প্রভাষক-সমাজবিজ্ঞান  
কয়রা সরকারি মহিলা কলেজ, কয়রা, খুলনা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রদান করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। অধ্যক্ষ, কয়রা সরকারি মহিলা কলেজ, কয়রা, খুলনা;
- ৩। মো: আব্দুল জলিল মজুমদার, সহকারী সচিব (আইন শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৪। শিক্ষা কর্মকর্তা (আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ৬। পি.এ. টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ৭। সংরক্ষণ নথি।

  
মোঃ ওয়াহিদুজ্জামান  
উপপরিচালক (কলেজ-১)  
ফোন: ৪১০৫০৬২০।